**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল ঘোষণা করলেন নতুন 41 মিলিয়ন মার্কিন ডলারের ডানকার্ক ওয়্যারহাউজ ফ্যাসিলিটিতে আমেরিকোল্ড 60টি কর্মসংস্থান সৃষ্টি করবে

***প্রকল্পটি আঞ্চলিক খাদ্য উৎপাদন ও প্রস্তুতকারক শিল্পকে সমর্থন করে***

***প্রকল্পের ভিডিও দেখুন এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আমেরিকোল্ড (Americold) শাটোকুয়া কাউন্টির ডানকার্ক টাউনে আনুমানিক 28 একর জমিতে একটি 181,000 বর্গফুটের কোল্ড স্টোরেজ বিতরণ ফ্যাসিলিটির নির্মাণ কাজ শেষ করেছে। 41 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পটি ফ্যাসিলিটিটি নির্মাণ করতে যে 250টি কর্মসংস্থান সৃষ্টি হয়েছে তার পাশাপাশি 60টি নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে, ফ্যাসিলিটিটি এলাকার খাদ্য সরবরাহ চেইনে অতি প্রয়োজনীয় কোল্ড স্টোরেজ হিসেবে কাজ করবে।

"নিউ ইয়র্ক স্টেট আমেরিকোল্ডের বিকাশ সমর্থন করতে পেরে এবং পশ্চিম নিউ ইয়র্কের অত্যাবশ্যকীয় খাদ্য প্রস্তুতকারক খাতের অর্থনৈতিক পুনরুদ্ধার প্রচেষ্টার অগ্রগতি করতে পেরে আনন্দিত," **গভর্নর হোকল বলেন।** "খাদ্য ও পানীয় উৎপাদনশিল্প আমাদের স্টেটের অর্থনীতিকে চাঙ্গা করতে একটি মুখ্য ভূমিকা পালন করতে থাকবে, এবং উদ্ভাবন, সমন্বয়, এবং ভোক্তাদের চাহিদায় সাড়াদানের মাধ্যমে আমেরিকোল্ডের মতো নিউ ইয়র্ক ব্যবসাসমূহ এটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে আমরা শিপিং ও স্টোরেজের ক্ষেত্রে দেশের শীর্ষস্থানে থাকি।"

খাদ্য ও পানীয় উৎপাদনশিল্প মার্কিন অর্থনীতির একটি উল্লেখযোগ্য এবং স্থিতিশীল অবদানকারী; এটি অনেক আঞ্চলিক অর্থনীতিতে চাকরিদাতা হিসেবে শীর্ষ ভূমিকা পালন করে।উৎপাদনশিল্পটির দক্ষতা, সময়ের সাথে সাথে অব্যাহত উদ্ভাবন, এবং পরিবর্তনশীল ভোক্তা চাহিদার সাড়াদানের ফলে মার্কিন খাদ্য সরবরাহকে ক্রয়ক্ষমতার মধ্যে এবং মানসম্পন্ন রাখা, এবং একইসাথে মার্কিন খাদ্য রপ্তানির প্রতিযোগিতা বজায় রাখা নিশ্চিত করতে সাহায্য করেছে। খাদ্য প্রস্তুতের মতো প্রাথমিক অর্থনৈতিক কর্মকাণ্ড কীভাবে এর স্টোরেজ ও শিপিং চাহিদা দ্বারা মাধ্যমিক প্রভাবের সংযোজিত মূল্য সৃষ্টি করে, স্থানীয় ও আঞ্চলিক অর্থনীতির মধ্যে দিয়ে প্রতিধ্বনিত হয়, ব্যবসাসমূহের জন্য বাড়তি আয় ও কর্মসংস্থান সৃষ্টি করে; আমেরিকোল্ডের প্রকল্পটি তার একটি উদাহরণ।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "আমরা নিশ্চিত করতে চাই যাতে পশ্চিম নিউ ইয়র্কের খাদ্য উৎপাদনশিল্প সমৃদ্ধি করতে থাকে। আমেরিকোল্ডের বিস্তৃত ওয়্যারহাউজ প্রকল্পটি শাটোকুয়া কাউন্টি এবং পুরো অঞ্চলে অর্থনৈতিক প্রবৃদ্ধির অনুঘটক হিসেবে কাজ করবে, বর্ধিত স্টোরেজ ও পরিবহন সমাধান নিয়ে স্থানীয় প্রস্তুতকারকদের সমর্থন করবে এবং সকলের জন্য উজ্জ্বলতর ভবিষ্যৎ নিশ্চিত করতে সাহায্য করবে এমন নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে।"

**নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) চেয়ারম্যান জন আর. কোলমেল বলেন,** "নায়াগ্রা পাওয়ার (Niagara Power) প্রকল্পটি পশ্চিম নিউ ইয়র্কের অর্থনৈতিক বিকাশের একটি ভিত্তিপ্রস্তর, যেখানে এটি সরাসরি হাজার হাজার কর্মসংস্থানকে সমর্থন করে। NYPA-তে আমরা আমেরিকোল্ডকে সমর্থন করতে পেরে গর্বিত যাতে তারা ডানকার্কে একটি নতুন কোল্ড স্টোরেজ ফ্যাসিলিটি স্থাপন করতে পারে এবং 60টি নতুন কর্মসংস্থান সৃষ্টি করতে পারে এবং একটি বড় আইসক্রিম প্রস্তুতকারক ও NYPA-র বিদ্যুৎ গ্রাহক ওয়েলস এন্টারপ্রাইজকে (Wells Enterprises) স্টোরেজ প্রদান করতে পারে।"

আমেরিকোল্ড একটি সার্বিকভাবে নিয়ন্ত্রিত-তাপমাত্রার স্টোরেজ এবং বিতরণ নেটওয়ার্ক প্রদান করে যা বেশিরভাগ উন্নত প্রযুক্তি দ্বারা সমর্থিত। প্রায় 120 বছর ধরে, আমেরিকোল্ড নিয়ন্ত্রিত-তাপমাত্রার সরবরাহ চেইন শিল্পে প্রযুক্তি ভিত্তিক প্রকৌশলী সমাধান প্রদান করছে, স্থানীয় কারিগর থেকে আঞ্চলিক মুদি দোকান, জাতীয় খাদ্য উৎপাদন থেকে শুরু করে আন্তর্জাতিক খাদ্য ও পানীয় সংগঠন, সকলকে সমর্থন করছে। আমেরিকোল্ডের পরিষেবার মধ্যে রয়েছে ব্ল্যাস্ট ফ্রিজিং এবং টেম্পারিং, কিটিং, লেবেলিং, তারিখ কোডিং, এবং বৈশ্বিক গ্রাহকদের চাহিদা মেটাতে পুনরায় মোড়কজাতকরণ।

**আমেরিকোল্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা জর্জ চ্যাপেল বলেন,** "খাদ্য সরবরাহ চেইনে আমরা যেই অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করি তা নিয়ে আমরিকোল্ড গর্বিত। আমরা আমাদের গ্রাহকদের সবার সেরা পরিষেবা প্রদান করে তাদের বিশ্বকে খাওয়ানোর কাজে সাহায্য করি। ডানকার্কের ফ্যাসিলিটিটি, যা পশ্চিম নিউ ইয়র্কে আমাদের প্রথম ফ্যাসিলিটি, আমাদেরকে এই এলাকায় আমাদের গ্রাহকদের আরো ভালো পরিষেবা প্রদান করতে দিবে এবং আমাদের মিশন পূরণ করবে। আমরা এই সম্প্রদায়ের একটি অংশ হতে পেরে এবং স্টেটে আমাদের উপস্থিতি বৃদ্ধি করতে পেরে গর্বিত।"

আমেরিকোল্ডকে নিউ ইয়র্ক স্টেটে নির্মাণ করার ব্যাপারে উৎসাহ দিতে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কোম্পানিটিকে এক্সেলসিয়র কর্মসংস্থান কর্মসূচির (Excelsior Jobs Program) মাধ্যমে 60টি পূর্ণকালীন কর্মসংস্থান সৃষ্টির বিনিময়ে 700,000 মার্কিন ডলার পর্যন্ত পারফরম্যান্স ভিত্তিক কর ক্রেডিট প্রদান করবে। পাশাপাশি, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ 830 কিলোওয়াট কম খরচের নায়াগ্রা জলবিদ্যুৎ প্রদান করছে।

**স্টেটের সিনেটর জর্জ বরেলো বলেন,** "আমরা স্টেট এবং স্থানীয় কর্মকর্তাদের সাথে এক বছরের বেশি সময় ধরে যেই বড় প্রকল্পে কাজ করেছি তা সম্পূর্ণ হতে দেখা সন্তোষজনক। নতুন এই আমেরিকোল্ড কোল্ড স্টোরেজ ফ্যাসিলিটিটি স্থানীয় খাদ্য উৎপাদন শিল্পের বৃদ্ধি ও সম্প্রসারণ সমর্থন করবে এবং একই সাথে 60টি নতুন ভালো বেতনের চাকরি তৈরি করবে। একটি ফরচুন 500 কোম্পানির আমাদের এলাকায় করা সর্বশেষ বিনিয়োগটি আরেকবার প্রমাণ করে যে আমাদের অঞ্চলে সেরামানের কর্মীবাহিনী এবং কৌশলগত অর্থনৈতিক বিকাশের প্রতিশ্রুতি রয়েছে। আমি ধন্যবাদ জানাচ্ছি গভর্নর হোকল, কমিশনার নাইট, এবং সেই সকলকে যারা এই বিজয়ে একটি ভূমিকা পালন করেছে।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যান্ডি গুডেল বলেন,** "আমেরিকোল্ডের 40 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট অফ দ্য আর্ট ফ্যাসিলিটিটি কাছের ওয়েলস এন্টারপ্রাইজেস আইসক্রিম প্রস্তুতকারক প্ল্যান্টকে অত্যাবশ্যকীয় কোল্ড স্টোরেজ ধারণক্ষমতা প্রদান করায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং ফলে আমাদের স্থানীয় অর্থনীতিকে মজবুত করবে এবং কয়েক ডজন নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে এবং আমাদের করদাতাদের সংখ্যা বৃদ্ধি করবে। প্রকল্পটি গভর্নর হোকল, শাটোকুয়া কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (Industrial Development Agency, IDA), নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ, জাতীয় গ্রিড (National Grid), এম্পায়ার ডেভেলপমেন্ট এবং আরো অনেক স্টেট ও স্থানীয় কর্মকর্তাদের সাহায্য ও সমর্থন নিয়ে আমেরিকোল্ডের সম্মিলিত প্রচেষ্টার প্রতিফলন।"

**শাটোকুয়া কাউন্টি নির্বাহী পল ওয়েন্ডেল, জুনিয়র বলেন,** "আমি নতুন অর্থনৈতিক বিকাশ প্রকল্পটি বাস্তবে পরিণত হতে দেখে খুশি। আমেরিকোল্ডের সাফল্য অন্যান্য স্থানীয় ব্যবসার বিকাশকে সমর্থন করবে যারা তাদের পণ্য সংরক্ষণ করতে এই ফ্যাসিলিটি ব্যবহার করতে পারবে।"

আমেরিকোল্ডের ব্যাপারে আরো তথ্য পাওয়া যাবে www.americold.com এ।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও গভর্নর হোকলের রিজিয়নাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি (I LOVE NY)," স্টেটের আদর্শ পর্যটন ব্র্যান্ডের মার্কেটিং তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হচ্ছে ESD। রিজিয়নাল কাউন্সিলস (Regional Councils) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418